যুগান্তর
প্রিন্ট: ২৬ জুলাই ২০২৬, ০৬:৫৭ এএম

শিক্ষাঙ্গন

# র‌্যাগিংয়ের অভিযোগ, জাবির ৮ শিক্ষার্থী সাময়িক বহিষ্কার

Advertisement

জাবি প্রতিনিধি
প্রকাশ: ২১ জুলাই ২০২৬, ০৮:২৩ পিএম



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

আরও দেখুন
Language Re...
Politics
Dictionaries ...
Time & Calen...
Cricket
Government
Newspapers
Crime & Justi...

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) পদার্থবিজ্ঞান বিভাগের প্রথম বর্ষের কয়েকজন শিক্ষার্থীকে র‍্যাগিংয়ের অভিযোগে একই বিভাগের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের আট শিক্ষার্থীকে সাময়িক বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

মঙ্গলবার (২১ জুলাই) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) স্বাক্ষরিত এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়।

অফিস আদেশে বলা হয়, গত ২০ জুলাই রাত ১০টা থেকে রাত ৩টা পর্যন্ত পদার্থবিজ্ঞান বিভাগের ৫৫তম ব্যাচের (শিক্ষাবর্ষ ২০২৫-২৬) কিছু শিক্ষার্থীকে একই বিভাগের ৫৪তম ব্যাচের (শিক্ষাবর্ষ ২০২৪-২৫) কয়েকজন শিক্ষার্থী মানসিক নির্যাতন, শারীরিক অঙ্গভঙ্গির মাধ্যমে ভয়ভীতি প্রদর্শন এবং শারীরিকভাবে আঘাতের চেষ্টা করে।

আরও দেখুন
Colleges & Universities
Education
Sports News

এ ঘটনায় বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের শৃঙ্খলা সংক্রান্ত অধ্যাদেশ-২০১৮-এর ৪ (১)(খ) ধারা অনুযায়ী অভিযুক্ত আট শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয় থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে।

সাময়িক বহিষ্কৃত শিক্ষার্থীরা হলেন— মো. ফজলে হাসান ফাহাদ, মো. আল-আমিন হোসাইন, মো. জাহিদ হাসান, মো. ফয়সাল আহমেদ, মো. মাহমুদুল হাসান খান আকিব, মো. মাহমুদ আমিন সিয়াম, মো. মোস্তাফিজুর রহমান এবং সৈয়দ সাকিব আহমেদ রাতুল। তারা সবাই পদার্থবিজ্ঞান বিভাগের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী।

বিশ্ববিদ্যালয় প্রশাসন জানিয়েছে, অভিযুক্তদের বিরুদ্ধে তদন্তপরবর্তী প্রয়োজনীয় প্রশাসনিক কার্যক্রমও চলমান থাকবে।